ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৮৭১

আগরতলা, ২২ জুলাই, ২০২৫

## বিহার এসআইআর থেকে এ পর্যন্ত যে তথ্যগুলি প্রকাশিত হয়েছে

১. ১৮ লক্ষ মৃত ভোটারের তথ্য পাওয়া গেছে।

২. ২৬ লক্ষ ভোটার অন্য নির্বাচনী এলাকায় স্থানান্তরিত হয়েছেন।

৩. ৭ লক্ষ ভোটার দুই জায়গায় নাম নিবন্ধন করেছেন।

বিহারে চলমান বিশেষ নিবন্ধন সংশোধন (এসআইআর)-এর আওতায়, সমস্ত যোগ্য ভোটারদের অন্তর্ভুক্ত করে খসড়া ভোটার তালিকা ১ আগস্ট, ২০২৫-এ প্রকাশ করার লক্ষ্যে কাজ জোরদার করা হয়েছে। প্রায় ১ লক্ষ বিএলও, ৪ লক্ষ স্বেচ্ছাসেবক ও ১.৫ লক্ষ বিএলএ -সহ নির্বাচনী ব্যবস্থার পুরো টিম, যাদের ১২টি প্রধান রাজনৈতিক দলের জেলা সভাপতিরা নিয়োগ করেছেন, তারা একযোগে কাজ করছে। তাদের খুঁজে পেতে যারা এখনো এলুমারেশন ফর্ম (ইএফ) জমা দেননি অথবা যাদের তাদের ঠিকানায় খুঁজে পাওয়া যায়নি।

২. সিইও/ ডিইও/ইআরও/বিএলও-রা সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছেন এবং ২১.৩৬ লক্ষ ভোটারের তালিকা ভাগ করে নিয়েছেন, যাদের ফর্ম এখনও পাওয়া যায়নি, এবং প্রায় ৫২.৩০ লক্ষ ভোটারের তালিকাও ভাগ করেছেন, যারা মৃত, স্থায়ীভাবে স্থানান্তরিত বা একাধিক স্থানে নাম নিবন্ধিত রয়েছেন বলে জানা গেছে।

৩. ২৪.০৬.২০২৫ তারিখে জারি করা এসআইআর নির্দেশিকা অনুযায়ী, ১ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর, ২০২৫ পর্যন্ত এক মাস সময় থাকবে যাতে সাধারণ জনগণ খসড়া ভোটার তালিকায় নাম যুক্ত/বাতিল/সংশোধন সংক্রান্ত আপত্তি জানাতে পারেন।

৪. মোট ভোটার সংখ্যা (২৪ জুন, ২০২৫ অনুযায়ী) – ৭,৮৯,৬৯,৮৪৪ জন।

৫. গৃহীত এনুমারেশন ফর্ম-৭,১৬,০৪,১০২ (৯০.৬৭%)

৬. ডিজিটাইজড এলুমারেশন ফর্ম ৭,১৩,৬৫,৪৬০ (৯০.৩৭%)

৭. যাদের ঠিকানায় খুঁজে পাওয়া যায়নি এমন ভোটার ৫২,৩০,১২৬ (৬.৬২%)

৭.১. মৃত ভোটার ১৮,৬৬,৮৬৯ (২.৩৬%)

৭.২. স্থায়ীভাবে স্থানান্তরিত ভোটার ২৬,০১,০৩১ (৩.২৯%)

৭.৩. একাধিক স্থানে নাম নিবন্ধিত ৭,৫০,৭৪২ (০.৯৫%)

৭.৪. সন্ধানযোগ্য নয় এমন ভোটার ১১,৪৮৪ (০.০১%)

৮. মোট অন্তর্ভুক্ত ভোটার (পদ ৫+৭) ৭,৬৮,৩৪,২২৮ (৯৭.৩০%)

৯. অবশিষ্ট ফর্ম যেগুলি এখনও পাওয়া যায়নি ২১,৩৫,৬১৬ (২.৭০%)

ভারতের নির্বাচন কমিশন থেকে এক প্রেস নোটে এই সংবাদ জানানো হয়েছে।

******